



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ  
"পাঠ্যপুস্তক ভবন"  
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
www.nctb.gov.bd



১৫/১১/২০২৩

স্মারক নং: শি.উঃ: ২৭৭/১১/২২৩৬

তারিখ: ১৫ অক্টোবর, ২০২৩

বিষয়: ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনার জন্য কিছু নির্দেশনা তৈরি করা হয়েছে। নির্দেশনাগুলো শিক্ষা প্রতিষ্ঠানে জরুরিতাবে প্রেরণ করা প্রয়োজন। নির্দেশনাগুলো নিম্নরূপ:

- ১) ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনার জন্য বিস্তারিত নির্দেশনা ২৯/১০/২০২৩ ইং (রবিবার) তারিখে সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।
- ২) নির্দেশনা মোতাবেক সকল বিষয়ে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনা করতে হবে।
- ৩) বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশনাতে ট্র্যাকক্রিপ্ট ও রিপোর্ট কার্ড এর ফরমেট এবং পরবর্তী শ্রেণিতে উত্তরণের নীতিমালা সংযুক্ত থাকবে।
- ৪) পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের উপস্থিতির হার এবং নির্ধারিত সংখ্যক বিষয়ে পারদর্শিতার সমন্বিত ফলাফল বিবেচনা করা হবে।
- ৫) রিপোর্ট কার্ডে শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য শিক্ষার্থীদের পারদর্শিতার বিস্তারিত বিবরণ উল্লেখ থাকবে।
- ৬) বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশনা শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছানোর পরে ০২/১১/২০২৩ ইং (বৃহস্পতিবার) তারিখের মধ্যে অভিভাবক সমাবেশ করে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন সম্পর্কে অবহিত করে সমাবেশের তথ্য ও ছবি উপজেলা শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে।

মহাপরিচালক  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

প্রফেসর মো: ফরহাদুল ইসলাম  
চেয়ারম্যান

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ